




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ২৬৫

তারিখঃ ০৭/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ তদারকি জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিটির প্রধান উদ্দেশ্য হলো ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি। কর্মসূচি'র আওতায় বিতরণকৃত ঋণের আদায়কৃত সার্ভিস চার্জ হতে এ কার্যক্রমে জড়িত কর্মচারীদের বেতনভাতা পরিশোধযোগ্য। বর্তমানে নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবজনিত কারণে সরকার কর্তৃক নির্দেশিত যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করায় মাঠ পর্যায়ে ঋণের কিস্তি আদায় অনেকাংশে কমে যাওয়াসহ যথাযথ মনিটরিং করা সম্ভব হচ্ছে না। করোনাজনিত মনিটরিং দুর্বলতার কারণে কিছু অসাধু কর্মচারী কর্তৃক সুফলভোগী হতে বিচ্ছিন্নভাবে আদায়কৃত অর্থ দীর্ঘদিন হস্তগত রাখার মাধ্যমে আত্মসাৎ করার সুযোগ তৈরী সম্ভাবনা থাকবে।

এমতাবস্থায়, কর্মসূচি'র কার্যক্রম বাস্তবায়নে তদারকি জোরদারকরণসহ ক্ষুদ্রঋণ সফটওয়্যার, WCS, সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে ক্যাশ বহি ও ব্যাংক হিসাব যাচাইসহ হিসাব সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া কোন কর্মকর্তা কর্মচারীর বিষয়ে কোন আর্থিক অনিয়ম উৎঘাটিত হলে তাৎক্ষণিকভাবে তা কর্মসূচি দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।


মোহাম্মদ রাশিদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি,
উপজেলাঃ ----- জেলাঃ -----
(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত ১৫টি জেলা)
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।